

**২০২৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০২৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী নিম্ন বর্ণিত তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.ac.bd) দেয়া আছে।

**ফরম পূরণের তারিখ ও সময় :**

বিষয়	তারিখ:	সময়:
বি.এ (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট)	২০/০১/২০২৬ হতে ২৭/০১/২০২৬ পর্যন্ত	সকাল ১০.০০টা
বি.এস.এস (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট)		হতে
বি.বি.এস (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট)		দুপুর ১.০০ টা পর্যন্ত
বি.এস.সি (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন)		

**ফিসের তালিকা**

**(নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট)**

বি.এ/বি.এস.এস/বি.বি.এস/বি.এস.সি		প্রাইভেট		সার্টিফিকেট কোর্স	
নিয়মিত	অনিয়মিত	নিয়মিত	অনিয়মিত	নিয়মিত	অনিয়মিত
১৮০৫/-	২৪০৫/-	২০০৫/-	২৬০৫/-	১৪০৫/-	২০০৫/-

**গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (১-৬) পত্র**

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র
১২৫৫/-	১৪০৫/-	১৫৫৫/-	১৭০৫/-	১৮৫৫/-	২০০৫/-

Conditional Promoted-এর ক্ষেত্রে উপরিউক্ত টাকার সাথে আরও ১,৫০০/- (এক হাজার পঁচশত টাকা মাত্র) যোগ করতে হবে।  
শুধুমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এবং ২০১৮ সালের (প্রাইভেট) রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর মোট টাকার পরিমাণ=৫,৫০০/-


**অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:**


- ০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ems.nu.ac.bd/student-login>) থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
  - ০২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর নিয়মিত পরীক্ষার্থীরা রকেট/উপায়/বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংক গড়মিল থাকলে দ্রুত আইসিটি বিভাগে (কক্ষ নং- ১১০৭) যোগাযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।
  - ০৩। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৬পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফর্মের প্রিন্ট কপি নিয়ে আগামী ২০/০১/২০২৬ তারিখ হতে ২৭/০১/২০২৬ তারিখের মধ্যে আইসিটি বিভাগে (কক্ষ নং- ১১০৭) জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।
- নোবাইলের মাধ্যমে উপায়/বিকাশ/নগদে পরীক্ষার ফি জমাদানের পদ্ধতি:  
রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে নিয়মিত শিক্ষার্থীরা তাদের ক্রাশ রোল নম্বর (১৩ ডিজিটের) এবং অনিয়মিত/মান/গ্রেড- উন্নয়ন পরীক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক সঠিক আছে কিনা দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

**অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:**

পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের (অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ছুটির দিন ব্যতিত) মধ্যে কমিটির নিকট (রসায়ন বিভাগের বারান্দা) থেকে যাচাই পূর্বক কলেজের হিসাব শাখায় অবশ্যই জমা দিতে হবে।

- ০১। রেজি: কার্ডের ফটোকপি ০১টি।
- ০২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ০২টি।
- ০৩। রেফার্ড/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের ফটোকপি ০১টি।
- ০৪। রেফার্ড/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ২০২৩ সালের ২য় বর্ষের রেজাল্ট কপি ০১টি।
- ০৫। রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্রাশ রোল নম্বর, বিভাগ, ও নোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাব শাখা হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

প্রতিস্বাক্ষর  
  
অধ্যক্ষ  
সরকারি দেবেন্দ্র কলেজ  
মানিকগঞ্জ।

  
আইসিটি  
ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ ফরম পূরণ কমিটি/২০২৪  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।